



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৬.৯৯.০০০১.২১.৫৩৭৪

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: সরকারি/বেসরকারি (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমিক স্তর) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে  
বার্ষিক/নির্বাচনি/জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ গ্রহণ ও সুষ্ঠুভাবে সম্পাদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৬১, তারিখ: ১৭/০২/২০২৫ খ্রি. এর প্রজ্ঞাপন মোতাবেক গত ২০/১১/২০২৫ তারিখ বৃহস্পতিবার থেকে শুরু হয়ে আগামী ০৭/১২/২০২৫ তারিখ রবিবার পর্যন্ত বার্ষিক পরীক্ষা এবং ২৭/১১/২০২৫ তারিখ বৃহস্পতিবার থেকে ১১/১২/২০২৫ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত নির্বাচনি পরীক্ষা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর বৃত্তি/২০২৫/১৬, তারিখ: ২৯/১০/২০২৫ এর চিঠি মোতাবেক আগামী ২৮/১২/২০২৫ তারিখ রবিবার থেকে ৩১/১২/২০২৫ তারিখ বুধবার পর্যন্ত জুনিয়র বৃত্তি পরীক্ষা দেশব্যাপী সকল সরকারি/বেসরকারি (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমিক স্তর) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুষ্ঠানের সময়সূচি নির্ধারিত আছে। উক্ত সকল পরীক্ষা কার্যক্রম বিনা ব্যর্থতায় নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. উক্ত পরীক্ষাসমূহ গ্রহণে শিক্ষক/কর্মকর্তার কোন প্রকার শৈথিল্য/অনিয়ম পরিলক্ষিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০১-১২-২০২৫

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল  
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক উপপরিচালক, সকল অঞ্চল।
- ২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা।
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৬.৯৯.০০০১.২১.৫৩৭৪/১ (৫)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, সকল জেলা।
- ২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
- ৫। ., সংরক্ষণ নথি।



A handwritten signature in black ink, reading 'Sohel', on a light-colored rectangular background.

০১-১২-২০২৫

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল  
পরিচালক